

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওয়াজেদ হোসেন মামিক মিয়া

নর্থ সাউথ ও ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ৮ ছাত্রের জামিন নাকচ

 ইত্তেফাক রিপোর্ট  ১৪ আগস্ট, ২০১৮ ইং ০০:০০ মিঃ

নিরাপদ সড়কের দাবিতে পুলিশের কাজে বাধা দেওয়া ও ভাংচুরের অভিযোগে গ্রেফতার ৮ আন্দোলনকারীর জামিন আবেদন নাকচ করেছে আদালত। গতকাল ঢাকা মহানগর হাকিম প্রণব কুমার হুই এ আদেশ দেন। এরা নর্থ সাউথ ও ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ছাত্র।

এদের মধ্যে রাজধানীর বাড্ডা থানায় করা মামলায় আসামি রাশেদুল ইসলাম, মুসফিকুর রহমান, হাসান, জাহিদুল হক ও নূর মোহাম্মদ জামিনের আবেদন করেছিলেন। এছাড়া ভাটারা থানার করা মামলায় আসামিদের মধ্যে জামিন আবেদন করেছিলেন সাবেক আহমেদ, শিহাব শাহরিয়ার ও সাখাওয়াত হোসেন।

জামিনের শুনানিতে আসামির আইনজীবীরা বলেন, দরখাস্তকারীরা ছাত্র। এসব ছাত্ররা কোনো রাজনৈতিক দলের সঙ্গে জড়িত নন। যে ঘটনায় মামলা, তার সঙ্গেও তাদের সম্পৃক্ততা নেই। ওই জামিন আবেদনের বিরোধীতা করেন রাষ্ট্রপক্ষে আদালত পুলিশের সাধারণ নিবন্ধন কর্মকর্তা (জিআরও) উপ-পরিদর্শক আবু হানিফ। উভয়পক্ষের শুনানি শেষে বিচারক শিক্ষার্থীদের জামিন আবেদন নাকচ করেন।

এর আগে রবিবার বাড্ডা থানার মামলায় আসামি তরিকুল ইসলাম, রেদোয়ান আহমেদ এবং ভাটারা থানার মামলায় আসামি মাসহাদ মুর্তজা আহাদ ও আজিজুল করিম অন্তরের জামিনের আবেদন নাকচ করেছিল আদালত।

নিরাপদ সড়কের দাবিতে আন্দোলনের মধ্যে গত ৭ আগস্ট রাজধানীর বাড্ডা ও ভাটারা থানা এলাকায় পুলিশের সঙ্গে আন্দোলনকারীদের সংঘর্ষ বাধে। এরপর বাড্ডা ও ভাটারা থানায় করা দুটি মামলায় ২২ জনকে গ্রেফতার পুলিশ। বাড্ডা থানার মামলায় ১৪ ছাত্রকে আসামি করা হয়েছে। ভাটারা থানার মামলার আসামি করা হয়েছে ৮ জনকে।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত